

3 (Sem-5) BEN M 2

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) ভোটের সাবিত্রীবালা সংসার চালানোর জন্য কোন্ বৃত্তি গ্রহণ করেছিলেন ?
- (খ) নাসিমের মায়ের নাম কী ?
- (গ) 'গাছ' গল্পটি কার লেখা ?
- (ঘ) "আমার ভাবতে ভালো লাগলো বুড়োটা ক্ষেতে দাঁড়িয়ে একা একা মাটি কোপাচ্ছে।" 'বুড়ো' কে ?
- (ঙ) 'জগদ্দল'-এর মালিকের নাম কী ?
- (চ) 'ফসিল' গল্পে কে কর্মীদের নেতা ও মুখপাত্রের ভূমিকা নিয়েছিল ?
- (ছ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছিল ?
- (১) ২২ বছর
- (২) ৩২ বছর
- (৩) ৪২ বছর
- (৪) ৫২ বছর

(2)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আপনার গলা থেকে হার ছিনিয়ে নিয়েছে কেউ?” প্রশ্নকর্তা কে? কাকে তিনি এ কথা জিজ্ঞাসা করেছিলেন?
- (খ) “দরকার অবশ্যই নেই, কিন্তু তোমাকে কেমন যেন ভৌতিক-ভৌতিক লাগছে, তাই—” বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছেন?
- (গ) “আর কেন, এ বিমলবাবু? এবার তোমার বুড়িকে পেনসন দাও।” বক্তার নাম লেখো। এখানে ‘বুড়ি’ বলতে কার কথা বলা হয়েছে?
- (ঘ) “তোমার ভবিষ্যৎ খারাপ। খুব খারাপ।” বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “সেদিকে দৃষ্টি পড়তে গাছ চমকে উঠল। এবং খুশি হল।” প্রসঙ্গটি বিশদ করো।
- (খ) “সিঁড়ি থেকে ‘ফানিলে’ ওঠবার সাধনায় যারা জাহাজে ঢুকেছে, তাদের কাছে এটা নেহাৎ আজগুবি শোনায়।” প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) ‘গোত্রান্তর’ গল্প অবলম্বনে রুক্ষিণী চরিত্রটি আলোচনা করো।

(3)

- (ঘ) “ভবিতব্যের ছায়ামূর্তি তার পরম ক্ষুধার দাবী নিয়ে, ভিক্ষাভাণ্ডটি প্রসারিত করে আজ সামনে এসে দাঁড়িয়েছে।” প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঙ) “তারপর শুরু হলো নয়াবাদের একটানা অবিচ্ছিন্ন পরিবর্তন।” ‘পরশুরামের কুঠার’ গল্পে নয়াবাদের পরিবর্তনের যে ছবি রয়েছে তার বিবরণ দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘সীমারেখার সীমা’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

‘সারেঙ’ গল্পে জাহাজ-কর্মীদের জীবনের যে করুণ ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো।

- (খ) সমালোচকের মতে, “গল্পকারের চিত্রণে ধনিয়া সর্বহারা শ্রেণীর এক রমণী—যদিও তার রমণী পরিচয়ই এখানে মুখ্য। সুতরাং অনিবার্যভাবেই সে ধনতান্ত্রিক সমাজব্যবস্থায় ভোগের উপকরণমাত্র।” ‘পরশুরামের কুঠার’ গল্পের কাহিনি বিশ্লেষণ করে এ বিষয়ে তোমার মতামত দাও।

অথবা

‘ফসিল’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না, আলোচনা করো।

(4)

(গ) 'ভারতবর্ষ' গল্পে মাহাতোদের জীবনযাপন এবং তাদের অধঃপতনের যে কাহিনি বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

অথবা

মধ্যবিভবর্গের স্বার্থপরতা ও উন্নাসিকতা 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পে যেভাবে ফুটিয়ে তোলা হয়েছে তা লেখো।
